মেহেরপুরে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ

স্মার্ট বাংলাদেশ গড়তে সমাজ কল্যাণ মন্ত্রনালয়ের সহায়তায় মেহেরপুরে বহুমুখী মানব কল্যাণ সংস্থার উদ্যোগে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র বিতরন করা হয়েছে ।

আজ শনিবার দুপুরে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে সনদপত্র বিতরনের উদ্বোধন করেন মাগুরা ১ আসনের সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর। অনুষ্টানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া ইসলামী বিশ^বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর শেখ আব্দুস সালাম। ব

ক্তব্য রাখেন বহুমুখী মানব কল্যান সংস্থার নির্বাহী চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল। পরে জেলা পর্যায় থেকে অতিথিরা প্রশিক্ষনার্থীদের হাতে সনদ তুলে দেন।

মেহেরপুর বহুমুখী মানব কল্যান সংস্থার সভাপতি অবসরপ্রাপ্ত প্রভাষক নুরুল আহমেদ, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম এসময় সেখানে উপস্থিত ছিলেন।

অতিথিরা তাদের বক্তব্যে বলেন, পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নই হচ্ছে বর্তমান সরকারের মুল লক্ষ্য। সেই লক্ষেই বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এই কারনে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনের মাধ্যেমে দক্ষ করে গড়ে তোলা হচ্ছে যাতে তারা নিজেদের পায়ে নিজেরা দাড়াতে পারে।

বহুমুখী মানব কল্যাল সংস্থার মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদাহ, মাগুরা ও কুষ্টিয়া জেলার ১ হাজার ২ শত শিক্ষার্থীর মাঝে এ সনদপত্র বিতরন করা হয়।

আলমডাঙ্গায় কম্পিউটারের দোকানে চুরির ঘটনায় মালামাল, ৪ শিক্ষার্থী আটক

আলমডাঙ্গায় টেলিকমের দোকানে চুরির ঘটনায় ৪ এসএসসি পরীক্ষার্থী আটক করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার রাতে পু্লশি উপজেলার হাটবোয়ালিয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করে।

এ সময় ওই শিক্ষার্থীদের বাড়ি থেকে উদ্ধার করেছে কম্পিউটারের মনিটরসহ মোবাইল ও দোকানের অন্যান্য মালামাল। আটক ৪ জন হলো হাটবোয়ালিয়া গ্রামের আজমত। উল্লাহ হুদার ছেলে আব্দুল্লাহ আল ফুয়াদ (১৬), একই উপজেলার ফুল বগাদি গ্রামের আব্বাস উদ্দিনের ছেলে রেশাদ আলী (১৭) মেহেরপুর জেলার গাংনি উপজেলার শালদাহ গ্রামের ছায়েদুল ইসলামের ছেলে সুফাইফ হাসান সিজান (১৬), ও নগরবোয়ালিয়া গ্রামের শুকুর আলীর ছেলে সাইফুল ইসলাম শান্ত (২৬)। আটকৃতদের বিরুদ্ধে চুরির মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের সোহরাব হোসেনের ছেলে আনিছুর রহমান আলো হাটবোয়ালিয়া বাজারে ‘মুক্তা কম্পিউটার এন্ড মিউজিক পয়েন্ট’ নামের একটি প্রতিষ্ঠান দিয়ে ব্যবসা করেন। গত ১ জানুয়ারী রাতে ওই ব্যবসা প্রতিষ্ঠানের টিন কেটে চুরির ঘটনা ঘটে। চোরেরা কম্পিউটার মনিটর,মোবাইল সেট, হার্ডডিক্স,মেমোরী কার্ড, হেডফোনসহ দোকান থেকে ২ লাখ টাকার বিভিন্ন মালামাল নিয়ে যায়। চুরির বিষয়টি দোকান মালিক পু্লশিকে জানিয়ে পুনরায় মালামাল কিনে ব্যবসা শুরু করেন। একই ভাবে গত ১০ ফেব্রুয়ারী রাতে দোকানের পেছনে সিঁদ কেটে চোরেরা আইপিএস ব্যাটারী, ছোটবড় হেডফোন ৩শ’ পিচ, গ্লাস পেপার,২ হাজার মোবাইল গ্লাস পেপার,ইউপিএস, ৩ টি টাচ মোবাইল সেট,সিসি ক্যামেরাসহ ১ লাখ ২০ হাজার টাকার মালামাল নিয়ে যায়।

পুনরায় চুরির ঘটনা হাটবোয়ালিয়া ক্যাম্পে জানালে ক্যাম্প পুলিশ চোরদের ধরতে তৎপরতা শুরু করে। ২১ ফেব্রুয়ারী রাতে চুরি হওয়া একটি মোবাইল উপজেলার মোড়ভাঙ্গা গ্রামে নানার বাড়িতে থাকা অবস্থায় সুফাইফ হাসান সেজানের কাছ থেকে উদ্ধার করে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদে সে মোবাইলে দোকানে চুরির ঘটনা স্বীকার করে। তার

তথ্যের ভিত্তিতে ওই রাতেই পুলিশ হাটবোয়ালিয়া গ্রাম থেকে আব্দুল্লাহ আল ফুয়াদকে আটক করে। তার বাড়ি থেকে উদ্ধার হয় ৩টি পুরাতন টাচ মোবাইল সেট,৬ টা নষ্ট বাটন ফোন,১টি ইউপিএস,২টি কী- বোর্ড,১টি সিসি ক্যামেরা, ১২টি ব্লুটিথ হেডফোন,৯৩ টি হেডফোন,২টি স্পিকার,২১০টি মোবাইলের ব্যাকপ্যাড,১টি রাউটার,৮টি চার্জার,৭২৩ টি মোবাইলের গ্লাস পেপার,১০ টি চার্জারের মাথাসহ ২ লাখ ১৬ হাজার টাকার মালামাল উদ্ধার করা হয়। পরে ফুয়াদের দেয়া তথ্যের ভিত্তিতে নগরবোয়ালিয়া গ্রামের সাইফুল ইসলাম শান্তকে আটক করে পুলিশ। সেখান থেকে উদ্ধার করা হয় ১৯ ইঞ্চি মনিটর। আটক ৩ জন চুরির ঘটনা স্বীকার করে রেশাদ নামের আরও এক জনের নাম জানায়। রাতেই পুলিশ রেশাদকে আটক করে। আটক ৪ জনই মেরটি স্কুলের ছাত্র এবং এসএসসি পরীক্ষার্থী। চুরির এই ঘটনায় দোকান মালিক বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছেন।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম জানান, চোরাই একটি মোবাইল উদ্ধার ও একজনকে আটকের পর চুরির ঘটনায় জড়িতদের আটক ও তাদের কাছ থেকে চোরাই মালামাল উদ্ধার করা হয়েছে।

মেহেরপুর রশ্নী কম্পিউটার সেন্টারের নবীনবরণ ও সনদ বিতরণ

ডিজিটাল যুব উন্নয়ন আইটি নেটওয়ার্ক কর্তৃক পরিচালিত রশ্নি কম্পিউটার এবং ট্রেনিং সেন্টারে নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান ২০২০ এর আয়োজন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে শহরের ফিন ফুড এন্ড ক্যাটারিং কমিউনিটি সেন্টারে এই আয়োজন করা হয়।

এস এম রাসেল’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মেহেরপুর পৌর মেয়র মো:

মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো: রফিকুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক আব্দুল্লাহ আল-আমিন ধুমকেতু, বাংলাদেশ ডিজিটাল যুব উন্নয়ন আইটি নেটওয়ার্ক এর চেয়ারম্যান গোলাম রসূল জয়, মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রশ্নী কম্পিউটার প্রশিক্ষরণ কেন্দ্রের প্রশিক্ষক মাহমুদা মিলি ও সীমা আক্তার বর্ষা।

অনুষ্ঠানে নবীনদের কে ফুল দিয়ে বরণ এবং বিদায়ী ছাত্র ছাত্রীদের কে সার্টিফিকেট প্রদান করা হয়।

মেপ্র/আরপি

ভবিষ্যদ্বাণী কতটুকু মিলল?

২০২০ শুধু নতুন একটা বছর নয়, নতুন দশকেরও শুরু। বছরটা নিয়ে অনেকেই ভবিষ্যদ্বাণী করেছেন বিভিন্ন সময়ে। তাঁদের মধ্যে মার্কিন উদ্ভাবক রে কুর্জওয়েইল অন্যতম। মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটসও এই তালিকায় আছেন। ২০২০ সালটা যখন চলেই এল, চলুন দেখা যাক, ভবিষ্যদ্রষ্টার অনুমানের সঙ্গে বাস্তবতার কতটা মিল রয়েছে।

কম্পিউটার অদৃশ্য হবে
ঘটনা সত্য বলা যায়। পেটমোটা কম্পিউটারের দিন শেষ। এখন দেয়ালে, আসবাবে, অলংকার থেকে শুরু করে শরীরে কম্পিউটার মিশে থাকে। সবকিছু তারহীন হয়ে যাচ্ছে।

কাগজের বই বা নথি থাকবে না
বই প্রকাশনাশিল্পের আকার হ্রাস পেলেও এখনো ছাপা বইয়ের বিপুল চাহিদা রয়েছে। বাংলাদেশসহ প্রায় সব দেশের জন্যই তা সত্য। আর ডিজিটাল নথির ব্যবহার বাড়লেও কাগুজে নথি বিলুপ্ত হওয়ার ঢের বাকি।

প্রত্যেকের প্রতিটি পদক্ষেপ নজরদারির আওতায় আসবে
এমনটা হচ্ছে বলে অনেকেই মানেন। পকেটে স্মার্টফোন থাকলেই আক্ষরিক অর্থে ব্যবহারকারীর পদক্ষেপের হিসাব রাখা সম্ভব। তার ওপর

স্মার্টঘড়ির মতো স্মার্ট অনেক ট্র্যাকার আমাদের সঙ্গে থাকছে। পথে পথে ক্যামেরা আমাদের চেহারা শনাক্ত করছে। এরপর নাকি সরাসরি মস্তিষ্কে কম্পিউটারে যুক্ত করা হবে।

আমাদের চালকবিহীন গাড়ি থাকবে
আংশিক সত্য। টেসলা, গুগলের ওয়েমোর পাশাপাশি রাইড ভাগাভাগির সেবা উবারও চালকবিহীন গাড়ি নিয়ে কাজ করছে। বিশ্বের অনেক দেশে পরীক্ষামূলক যাত্রী পরিবহনও শুরু হয়েছে। তবে সর্বসাধারণের স্তরে আসেনি এখনো।

মঙ্গলে পা রাখবে মানুষ
এখনো না। অন্তত মানুষ পারেনি। তবে আটটি মানুষহীন মহাকাশযান মঙ্গলে অবতরণ করেছে।

মানুষের ব্যক্তিগত ভার্চ্যুয়াল সঙ্গী থাকবে
বিল গেটসের অনুমান ছিল এটি। আমাজনের অ্যালেক্সা, গুগলের অ্যাসিস্ট্যান্ট বা অ্যাপলের সিরি অনেকটা তেমনই। ওয়েব থেকে তথ্য সংগ্রহ করে আমাদের প্রশ্নের উত্তর দেয়, কাজের কথা মনে করিয়ে দেয়, নির্দেশ পালন করে—বলা যায় গেটসের অনুমান ঠিকই ছিল।

ইন্টারনেট আর মস্তিষ্ক এক হয়ে যাবে
প্রক্রিয়া শুরু হয়েছে। তবে এখন পর্যন্ত বড়সড় উদ্ভাবনের খবর মেলেনি। অন্যদিকে ব্রেইন-কম্পিউটার ইন্টারফেস নিয়ে মার্ক জাকারবার্গের ফেসবুক, ইলন মাস্কের নিউরালিংকসহ বেশ কিছু প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে।

সূত্র: ইউএসএ টুডে